আজকাল **অর্থকরী**

বিপন্ন ছোট মুদিখানার ব্যবসায়ীরা

সুশান্ত কুমার সান্যাল

এখন ভারতে রয়েছে প্রায় ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের মুদিখানা বা গ্রসারি বাজার, যা প্রধানত নিয়ন্ত্রিত হয় দেশের আভ্যন্তরীণ অপেক্ষাকৃত ছোট আকারের প্রায় ১৩ মিলিয়ন খুচরো মুদিখানা ব্যবসা দ্বারা। দেশে অর্থনৈতিক উন্নতির সঙ্গে বাড়ছে প্রযুক্তির ব্যবহার, এবং উন্নত ইন্টারনেট পরিষেবার ফলে দিন দিন বাড়ছে ই–কমার্স বা কিউ–কমার্সের ব্যবহার। অনলাইন কেনাকাটা থাবা বসাচ্ছে ছোট মাপের মুদিখানা ব্যবসার ওপরেও।

পরিসংখ্যান বলছে, আপাতত এই মুদিখানার ব্যবসায় অনলাইন কেনাকাটা ১০ শতাংশ হলেও আগামী দু–এক বছরে তা পৌঁছে যাবে প্রায় ৩০ শতাংশে। বিশেষত কোভিড পরবর্তীতে দেশে অনলাইন কেনাকাটার প্রবণতা বেড়েছে। খুচরো মুদিখানা ব্যবসায়ীদের কথায়, কোভিড পূর্ববর্তী সময়ে যেখানে তাঁরা বিভিন্ন এফএমসিজি পণ্য বেচে ১২–২০ শতাংশ লাভ করতেন, তা অনলাইন ব্যবসার ধাক্কায় নেমে গেছে মাত্রই ১০–১২ শতাংশে, কারণ অনেক ক্ষেত্রেই ব্যবসায়ে টিকে থাকতে কমাতে হচ্ছে মুনাফা। একদিকে উন্নত ও বিলাসবহুল মলের ছড়াছড়ি, যাদের বিশেষ ছাড়ের সঙ্গে পাল্লা দেওয়া মুশকিল, অন্যদিকে আবার অ্যামাজন, ফ্লিপকার্ট, ডিলশেয়ার, বিগ বাস্কেটের মতো প্লাটফর্মগুলিতে রকমারি সম্ভার, সস্তা ও দ্রুত পরিষেবার চক্করে নাজেহাল হচ্ছে এই ছোট খুচরো মুদিখানা ব্যবসায়ীরা।

দেশীয় এক গবেষণা বলছে, ২০২৭–এর মধ্যেই ভারতে ই–কমার্স বা কিউ–কমার্সের অগ্রগতি দেশীয় খুচরো মুদিখানা ব্যবসায় বেশ ভালই প্রভাব ফেলতে চলেছে। তবে এক্ষেত্রে তাঁরা জানিয়েছেন, কীভাবে বা কত তাড়াতাড়ি এই প্রভাব পড়বে, তা বিশেষ কয়েকটা বিষয়ের ওপর নির্ভর করছে।

প্রথমত, বেশ কিছু নামী এফএমসিজি সংস্থা, যেমন– হিন্দুস্থান ইউনিলিভার, ডাবর ইত্যাদি কোম্পানি তাদের ব্যবসা বর্তমানে প্রায় ৩৭–৪০ শতাংশ অনলাইনে করে থাকে, আগামী কয়েক বছরে যা প্রায় ৬০ শতাংশ হতে পারে। দ্বিতীয়ত, ই–কমার্স, বিশেষত কিউ–কমার্স মূলত দেশের টিয়ার–১ শহরগুলোতেই বেশি চোখে পড়ছে। এই



প্রবণতা যদি দ্রুত দেশের টিয়ার–২ কিংবা টিয়ার–৩ শহরগুলোয় থাবা বসাতে পারে, তাহলে দেশের খুচরো মুদিখানা বা সাধারণ বাজারের অবস্থা আরও খারাপ হবে। তৃতীয়ত, একদিকে মানুষ যেমন পণ্যের বৈচিত্র চান, তেমনই তুলনামূলক কমদামে সেই পণ্যও তাঁদের চাই। আর এই দুয়েরই সহাবস্থান ঘটছে অনলাইন কেনাকাটায়। বিভিন্ন নামীদামি কোম্পানির রকমারি পণ্যের সহজলভ্যতার পাশাপাশি অনেক বেনামি কোম্পানির বাজারে আনা নতুন প্রোডাক্টও অনলাইনে গ্রাহক পেয়ে যাচ্ছেন। পাশাপাশি, বড় মাপের কেনাকাটা করলেই মিলছে প্রচুর ছাড়। এখানেই দিন দিন পিছিয়ে পড়ছে বাজারের মুদিখানার ব্যবসায়ীরা। চতুর্থত, দেশীয় ডিজিটাল পেমেন্ট প্রযুক্তি ‘ইউপিআই’ নতুন বিপ্লব এনেছে দেশের অনলাইন ব্যবসায়ে। এই ইউপিআই সিস্টেমের সুবিধা ৩০টির বেশি দেশে উপলব্ধ। এটাও অনলাইন ব্যবসাকে বেশ কিছুটা এগিয়ে দিয়েছে, একথা বলা যায়। পঞ্চমত, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের মতো নতুন প্রযুক্তিগুলো এই মুদিখানা ব্যবসার চরিত্র ব্যাপকভাবে বদলে দিয়েছে। অ্যামাজন বা ফ্লিপকার্টের মতো সংস্থাগুলো তাদের এই ব্যবসাকে ঢেলে সাজাচ্ছে, যা শিগগিরই এই ব্যবসাকে অন্য মাত্রায় পৌঁছে দেবে। ষষ্ঠত, উন্নত ইন্টারনেট পরিষেবা। গ্রামাঞ্চলে এর প্রভাব যত দ্রুত বাড়বে, তত্ই দুর্বল হবে দেশীয় খুচরো মুদিখানা ব্যবসা। সপ্তমত, দেশে অনলাইন মুদিখানার বাজারের মাপ ও আভ্যন্তরীণ চাহিদায় আকৃষ্ট হচ্ছে দেশী ও বিদেশি বিনিয়োগ। ফলে এই ব্যবসা বাড়ছে দ্রুতহারে। পরিসংখ্যান জানাচ্ছে, ২০২২–এ ২ বিলিয়ন ডলার থেকে ২০২৩ সালে অনলাইন মুদিখানার বাজার পৌঁছে গেছে ৩.২০ বিলিয়ন ডলারে। ২০৩৩ সালের মধ্যেই তা ৭ বিলিয়ন ডলারে পৌঁছে যেতে পারে। অষ্টমত, ভারতের জনসংখ্যার গড় বয়স প্রায় ২৮। এই বিশাল জনসংখ্যার বড় অংশই ডিজিটাল লেনদেনে অভ্যস্ত। তাই এর দ্রুত বিস্তার কিন্তু শুধুমাত্র সময়ের অপেক্ষা।

অন্যদিকের মত হল, এই মুহূর্তের আর্থ–সামাজিক ক্ষেত্রে ভারতে এখনও এর বিস্তারে সময় লাগবে। অবসরপ্রাপ্ত বা প্রবীণ নাগরিকদের এখনও সশরীরে বাজারে যাওয়া একটা অভ্যাস, যা বদলাতে কিছুটা সময় লাগবেই। এছাড়াও পরিচিত জায়গা থেকে ধারে কেনাকাটার প্রবণতা সহজে ছাড়ার নয়। অনলাইনে এই সুবিধা নেই যে!

ইভির ইতিহাস বদলে দেবে এমজি উইন্ডসর

জেএসডব্লু এমজি মোটর ইন্ডিয়া নিয়ে এল উইন্ডসর, ভারতের প্রথম ইনটেলিজেন্ট সিইউভি। সংস্থার তরফে দাবি জানানো হয়েছে, এই প্রথম গাড়ির ক্রেতারা ব্যাটারিচালিত গাড়িতে ‘ব্যাটারি অ্যাজ আ সার্ভিস’ পেয়ে যাবেন অর্থাৎ, সাধারণ এসইউভির দামেই তাঁরা পেয়ে যাবেন ইভি, যেখানে ব্যাটারির দাম মেটানোর বদলে তাঁরা কিলোমিটার প্রতি খরচ দেবেন।



গাড়ির প্রথম মালিক পেয়ে যাবেন লাইফটাইম ব্যাটারি ওয়ারান্টি, সঙ্গে ৩ বছর বা ৪৫ হাজার কিমি চলার পরে ৬০ শতাংশ নিশ্চিত বাইব্যাক।

এর পরেও চমক রয়েছে। এমজি অ্যাপের মাধ্যমে ই–হাবে এক বছর ফ্রি চার্জিংও এর মধ্যে অন্তর্ভুক্ত। রয়েছে প্রতি কিমি ৩.৫০ টাকা হারে ব্যাটারি রেন্টালের সুবিধাও। সংস্থার তরফে বলা হচ্ছে, ক্রেতারা সেডানের আরাম এবং এসইউভির খরচে কমপ্যাক্ট ইভি পেয়ে যাচ্ছেন।

গাড়ির আনুষ্ঠানিক উদ্বোধনে উপস্থিত ছিলেন জেএসডব্লু এমজি মোটর ইন্ডিয়ার ডিরেক্টর পার্থ জিন্দল, সিইও এমেরিটাস রাজীব চাবা প্রমুখ।

উল্লেখ্য, এমজি উইন্ডসরের বুকিং শুরু হবে ৩ অক্টোবর। আকর্ষণীয় ছাড়ে প্রি–বুকিং চালু হয়ে গেছে।

ব্যাঙ্কিং প্রশ্নের উত্তর দেবে এআই ম্যানেজার অদিতি

গ্রাহক এবং কর্মীদের সুবিধার্থে আরও বেশি ডিজিটাল পরিষেবা চালু করল ব্যাঙ্ক অফ বরোদা। ব্যাঙ্কিং আরও সহজ ও দ্রুত করার লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা বেছে নিচ্ছে ডেটা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) চালিত বিভিন্ন পরিষেবা। এর মধ্যে রয়েছে ‘অদিতি’ নামের জেনএআই পরিচালিত ভার্চুয়াল রিলেশনশিপ ম্যানেজার, যা যে কোনও সময় (২৪×৭) গ্রাহকদের ব্যাঙ্কিং সম্পর্কিত যাবতীয় প্রশ্নের উত্তর দেবে। একইভাবে কর্মীদের জন্য ব্যাঙ্ক অফ বরোদা চালু করেছে ‘জ্ঞানসহায় ডট এআই’ নলেজ ম্যানেজমেন্ট প্ল্যাটফর্ম। ব্যাঙ্কের এমডি এবং সিইও দেবদত্ত চাঁদ জানিয়েছেন, ‘আমাদের ডিজিটাল



জেনএআই বেসড কনভার্সেশনাল ইন্টারফেসগুলি ব্যাঙ্কের গ্রাহকদের ডিজিটাল অভিজ্ঞতা উন্নত করবে।’ এই পরিষেবা সূচনার অনুষ্ঠানে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন ব্যাঙ্কের এগজিকিউটিভ ডিরেক্টর সঞ্জয় মুদালিয়র।

রাজভাষা কীর্তি

ব্যাঙ্কের দৈনন্দিন কাজ–কারবারে সরকারি ভাষা প্রয়োগে অনবদ্য উদ্যোগের ফলশ্রুতিতে ভারত সরকারের ‘রাজভাষা কীর্তি পুরস্কার’ স্কিম ২০২৩–২৪–তে প্রথম স্থান দখল করল ব্যাঙ্ক অফ বরোদা। এই নিয়ে পরপর তিনবার তারা এই পুরস্কারে সম্মানিত হল। সম্প্রতি নয়া দিল্লির ভারত মণ্ডপমে হিন্দি দিবস এবং চতুর্থ অখিল ভারতীয় রাজভাষা সম্মেলন অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের থেকে পুরস্কার গ্রহণ করেন ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও দেবদত্ত চাঁদ।

কলকাতায় টাটার নতুন শোরুম



বেলেঘাটা মোড়ে চালু হল টাটার যাত্রিবাহী গাড়ির নতুন ডিলারশিপ, ওএসএল ফিউচার। ১৮ হাজার বর্গফুটের শোরুম এবং ৫৪ হাজার বর্গফুট ওয়ার্কশপ এরিয়া উদ্বোধনে উপস্থিত ছিলেন টাটা মোটরস প্যাসেঞ্জার ভেহিকলস লিমিটেডের জোনাল ম্যানেজার অমিত সিনহা, জোনাল কাস্টমার কেয়ার ম্যানেজার গুমিত পাল সিং, ওএসএল ফিউচার প্রাইভেট লিমিটেডের ডিলার প্রিন্সিপাল চর্চিত মিশ্র প্রমুখ। অনুষ্ঠানে সকলের নজর কেড়ে নেয় টাটার বহুচর্চিত নতুন গাড়ি কার্ভ ইভি।

অ্যামাজন, ফ্লিপকার্টে সেল শুরু ২৭শে

সেপ্টেম্বরের ২৭ তারিখ শুরু হচ্ছে বার্ষিক উৎসব মরশুমের সেল। অ্যামাজন ইন্ডিয়া এবং ফ্লিপকার্টে পুজোর বেশ আগেই ঢাকে কাঠি পড়ছে। বিক্রি বাড়ানোর লক্ষ্যে দুই বড় ই–কমার্স প্ল্যাটফর্মই কোমর বেঁধে নামছে। গ্রাহকদের জন্য যেমন লয়ালটি প্রোগ্রাম থাকছে, তেমনই থাকছে ফ্রি ডেলিভারির প্রলোভনও। দ্রুত পণ্য ডেলিভারি দিতে দুই প্ল্যাটফর্মই তাদের স্টক কিপিং ইউনিট (এসকেইউ) বিপুল হারে বাড়িয়েছে। হিসেব বলছে, ‘বিগ বিলিয়ন ডে সেল’ উপলক্ষে দেশের মেট্রো শহরগুলিতে লক্ষাধিক কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। এর বাইরে নয় টিয়ার–২ শহরগুলিও।

ওয়ারিভোর সিআরএক্স



তাদের প্রথম হাই–স্পিড ইলেকট্রিক স্কুটার ‘সিআরএক্স’ বাজারে আনল ওয়ারিভো মোটর ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড। সংস্থার দাবি, এটি যে কেউই চালাতে পারবেন এবং আমজনতার দৈনন্দিন কাজের পক্ষে দারুণ উপযোগী। এর দাম শুরু হচ্ছে ৭৯,৯৯৯ টাকা থেকে এবং ভারবহন ক্ষমতা ১৫০ কেজি। পাঁচটি আকর্ষণীয় রঙে এটি পাওয়া যাচ্ছে।

অ্যাপলের ১৩ বিলিয়ন

ইওরোপিয়ান কোর্ট অফ জাস্টিস (ইসিজে) মার্কিন টেক জায়ান্ট অ্যাপলকে বকেয়া কর বাবদ ১৩ বিলিয়ন ইউরো পরিশোধের নির্দেশ দিয়েছে। আয়ারল্যান্ড অ্যাপলকে বেআইনি সহায়তা দিয়েছে, যা আয়ারল্যান্ডকেই পুনরুদ্ধার করতে হবে।

এরআগে ইওরোপে ব্যবসা করার সময় অ্যাপলকে আয়ারল্যান্ড সরকার বেআইনিভাবে অত্যন্ত কম হারে কর পরিশোধের সুযোগ দিয়েছে বলে অভিযোগ করে ইওরোপীয় কমিশন। একটি পৃথক রায়ে গুগলের সঙ্গে দীর্ঘদিন ধরে চলা মামলারও অবসান ঘটেছে। গুগল অ্যান্টিট্রাস্ট আইন লঙ্ঘন করে বাজারে আধিপত্য বিস্তারের জন্য ২.৪ বিলিয়ন ইওরো জরিমানা প্রদানের নির্দেশ দিয়েছে ইসিজে। এর আগে ২০১৬ সালে ইওরোপীয় কমিশন অ্যাপলকে একই সিদ্ধান্ত জানিয়েছিল। ১৯৯১ থেকে ২০১৪ পর্যন্ত অ্যাপল আয়ারল্যান্ডে দুটি সহায়ক সংস্থায় মুনাফার এক শতাংশেরও কম কর দিত।

এক নজরে

টাটার ৯ বিলিয়ন

» আগামী পাঁচ থেকে ছয় বছরের মধ্যে ২০ গিগাওয়াট বা তারও বেশি পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎশক্তি উৎপাদনের লক্ষ্যে ৯ বিলিয়ন ডলার বিনিয়োগ করতে চলেছে টাটা পাওয়ার। সংস্থার সিইও প্রবীর সিনহা এই খবর জানিয়েছেন। উল্লেখ করা যেতে পারে, বর্তমানে টাটা পাওয়ার প্রায় ৫ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎশক্তি উৎপাদন করে থাকে। সংস্থার লক্ষ্য, আগামী এক থেকে দুই বছরের মধ্যেই এই উৎপাদন ক্ষমতা আরও ৫ গিগাওয়াট বাড়ানো।

এয়ারটেল–স্পার্কল আন্ডারসি কেব্‌ল

» এশিয়া এবং ইওরোপের মধ্যে সংযোগ আরও বাড়াতে বিশাল আন্ডারসি (সমুদ্রের নীচ দিয়ে) কেব্‌ল নেটওয়ার্ক গড়ে তুলতে ইতালির প্রথম আন্তর্জাতিক সার্ভিস প্রোভাইডার তথা বিশ্বের অন্যতম নামী অপারেটর সংস্থা স্পার্কল–এর সঙ্গে চুক্তি করল এয়ারটেল বিজনেস (ভারতী এয়ারটেল–এর বি২বি আর্ম)। এই চুক্তির ফলে স্পার্কলের থেকে এয়ারটেল ব্লু–রামন সাবমেরিন কেব্‌ল সিস্টেমের সহায়তা পাবে যা ইতালির সঙ্গে ভারতকে যুক্ত করবে। চুক্তিপত্রে স্বাক্ষর করেন এয়ারটেল বিজনেসের সিইও (গ্লোবাল বিজনেস) বাণী ভেঙ্কটেশ এবং স্পার্কলের সিইও এনরিকো বাগনাসকো।

বছর সেরা লেন্সকার্ট

» একটি সর্বভারতীয় অর্থনীতি বিষয়ক সংবাদপত্রের স্টার্টআপ অ্যাওয়ার্ডে বছরের সেরা উদ্যোগের শিরোপা জিতে নিল পীযূষ বনসাল ও অমিত চৌধরির সংস্থা ‘লেন্সকার্ট’ (স্টার্টআপ অফ দ্য ইয়ার ক্যাটেগরিতে)। ইনফোসিস চেয়ারম্যান নন্দন নিলেকানির নেতৃত্বে একদল বিশেষজ্ঞ সেরা উদ্যোগীদের বেছে নেন। এছাড়াও নানা বিভাগে পুরস্কার জিতে নিয়েছে ‘এলিভেশন ক্যাপিটাল’ (ক্যাটেগরি: মিডাস টাচ), ‘কিনারা ক্যাপিটাল’ (উওম্যান অ্যাহেড), ‘ব্রেনসাইট এআই’ (টপ ইনোভেটর), ‘রেন্টোমোজো’ (কামব্যাক কিড), ‘বোল্ট’ (বুটস্ট্র্যাপ চ্যাম্প), ‘হকদর্শক’ (সোশ্যাল এন্টারপ্রাইজ), ‘ক্লেমবাডি’ (বেস্ট অন ক্যাম্পাস) প্রভৃতি সংস্থাগুলি।

সেনকোর পুজো উপহার ‘অপরূপা’

» এবারের পুজোয় সেনকো গোল্ড অ্যান্ড ডায়মণ্ডসের উপহার ‘অপরূপা’ নামের অলঙ্কার–সম্ভার যার মধ্যে রাজবাড়ির বনেদিয়ানা ফুটে উঠবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে। পুজো ক্যাম্পেনের ভিডিওটির সূচনা করেন সেনকো গোল্ড অ্যান্ড ডায়মণ্ডসের ডিরেক্টর জয়িতা সেন। ভিডিওতে অংশ নিয়েছেন সংস্থার চার ব্র্যান্ড অ্যাম্বাসাডর ইশা সাহা, মধুমিতা সরকার, সৌরসেনী মৈত্র এবং স্বস্তিকা দত্ত। সংস্থার ১৬৭টি শোরুমেই এই কালেকশন পাওয়া যাবে। উল্লেখ্য, এই নিয়ে পরপর চার বছর টিআরএ–এর ‘সেকেন্ড মোস্ট ট্রাস্টেড জুয়েলারি ব্র্যান্ড’–এর সম্মানে ভূষিত হয়েছে এই সংস্থা।

IDBI BANK
CIN : L65190MH2004GOI148838

আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড

ফ্লোর নং ৪, এনপিএ ম্যানেজমেন্ট গ্রুপ, ৪৪, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০১৭

মানিকতলা, পশ্চিমবঙ্গ–স্থিত সুরক্ষিত পরিসম্পদ বিক্রিতে ই–নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

নিও বাণিজ্য প্রাইভেট লিমিটেড–এর অ্যাকাউন্টে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রি

ই–নিলাম বিক্রির নোটিস

সারফায়েসি অ্যাক্টের অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য প্রকাশ্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয়

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থানাধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, নিও বাণিজ্য প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা) এবং শ্রী সন্দীপ পিরোজিওয়াল, শ্রী কমল বাগারিয়া, শ্রী রাকেশ পিরোজিওয়াল এবং মেসার্স স্বস্তিক ইনফ্রাকন প্রাঃ লিঃ (জামিনদারগণ)–এর থেকে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ₹১৫,৪২,৯৩,৪০০.০০ (পনেরো কোটি বিয়াল্লিশ লক্ষ তিরানব্বই হাজার চারশো টাকা মাত্র) + এর ওপর ৩০.০৬.২০১৩ থেকে অপ্রযুক্ত সুদ পুনরুদ্ধারের জন্য সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক প্রদত্ত/ দায়বদ্ধ এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা প্রতীকী দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ০৫.১০.২০২৪ তারিখে ‘যেখানে আছে’, ‘যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘রিকোর্স ছাড়া’ ভিত্তিতে বিক্রি করা হবে।

সুরক্ষিত স্থাবর পরিসম্পদের বিবরণ

ঋণদাতা/ বন্ধকদাতা, সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) এবং স্থাবর সম্পত্তির বিশদ তথ্য এখানে নীচে উল্লেখ করা হল:

লট	ঋণগ্রহীতা/ বন্ধকদাতার নাম	নিলাম হতে চলা স্থাবর ও অস্থাবর সুরক্ষিত পরিসম্পদের সংক্ষিপ্ত বিবরণ	কাট–অফ তারিখ পরিদর্শনের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য/ ইএমডি/ বিড বাড়ানোর মূল্য
১	**ঋণগ্রহীতা:** নিও বাণিজ্য প্রাঃ লিঃ **বন্ধকদাতা:** মেসার্স স্বস্তিক ইনফ্রাকন প্রাঃ লিঃ	নিম্নোক্ত জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: (১) ৫ কাঠা ১০ ছটাক মাপের জমি, অংশবিশেষে প্রেমিসেস নং ২১১/ই, বাগমারি রোড, হোল্ডিং নং ৮৯, সাব ডিভিশন X, ডিভিশন II, ডিহি পঞ্চানন গ্রাম, থানা– মানিকতলা, রাজ্য– পশ্চিমবঙ্গ। (২) ৫ কাঠা ১০ ছটাক মাপের জমি, অংশবিশেষে প্রেমিসেস নং ২১১/সি এবং ২১১/ই, বাগমারি রোড, হোল্ডিং নং ৮৯, সাব ডিভিশন X, ডিভিশন II, ডিহি পঞ্চানন গ্রাম, থানা– মানিকতলা, রাজ্য– পশ্চিমবঙ্গ। তৎসহ এর উপরিস্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো এবং যাবতীয় প্ল্যান্ট অ্যান্ড মেশিনারি (ভূমি সংলগ্ন বা মাটির সঙ্গে স্থায়ীভাবে আটকানো বা মাটিতে স্থায়ীভাবে প্রোথিত)।	**পরিদর্শনের তারিখ ও সময়:** ০১.১০.২০২৪, সকাল ১১টা থেকে দুপুর ১টা **ইএমডি জমার কাট–অফ তারিখ:** ০৩.১০.২০২৪, বিকেল ৪টা পর্যন্ত **ই–নিলামের তারিখ ও সময়:** ০৫.১০.২০২৪, সকাল ১১টা থেকে দুপুর ১টা (১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)	**সংরক্ষণ মূল্য:** ₹২,০০,০০,০০০/– **বায়না জমা (ইএমডি):** ₹২০,০০,০০০/– **বিড বাড়ানোর মূল্য:** ₹১০,০০০/–

(১) বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankeauctionwizard.com এবং আইডিবিআই ব্যাঙ্কের ওয়েবসাইট অর্থাৎ, www.idbibank.in দেখুন।
(২) এই বিক্রি https://www.bankeauctionwizard.com ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা মেসার্স অ্যান্টারেস সিস্টেম লিমিটেড দ্বারা পরিচালিত হবে। সহায়তার প্রয়োজন হলে এখানে যোগাযোগ করবেন: মিস বি এম সুস্মিতা / মিঃ কুশল বোস (যোগাযোগ: ৮৯৫১৯৪৪৩৮৩ / ৯৬৭৪৭৫৮৭১৯ অথবা ল্যান্ডলাইন: ০৮০–৪০৪৮২১০০) (ই–মেল: sushmita.b@antaressystems.com/ kushal.b@antaressystems.com)।
(৩) লট–১ ভুক্ত সম্পত্তি পরিদর্শনে সহায়তা ০১.১০.২০২৪ তারিখে দেওয়া যাবে। আগ্রহী বিডার নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: ফোন: +৯১ ০৩৩–৬৬৫৫৭৭০৭, ই–মেল: minky.pramanik@idbi.co.in এবং শ্রী প্রশান্ত কাশ্যপ, ফোন: +৯১ ০৩৩ ৬৬৫৫৭৬৭৩, ই–মেল: prashant.kacchap@idbi.co.in.

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ ১৫ দিনের বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা উপরোক্ত ঋণগ্রহীতা/ জামিনদারকে ই–নিলামের নির্ধারিত তারিখের আগে উপরোক্ত অর্থাঙ্ক সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ সমেত আদায় দেওয়ার জন্য প্রজ্ঞাপিত করা হচ্ছে, যার অন্যথা হলে উপরোক্ত সম্পত্তিটি নিলাম করা হবে এবং এর পরেও যদি কোনও অর্থাঙ্ক বকেয়া থাকে, তাহলে তা সুদ ও মাশুল সমেত তাঁদের থেকে আদায় করা হবে।

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২৪; স্থান: কলকাতা **স্বাঃ– অনুমোদিত আধিকারিক, আইডিবিআই ব্যাঙ্ক**

পঞ্জাব নৈশনল বৈঁক ...ভরোসে কা প্রতীক! punjab national bank ...the name you can BANK upon!

বিক্রয় বিজ্ঞপ্তি বিশাল ই–নিলাম তারিখ: ১৭.১০.২০২৪

সার্কল সস্ত্র সেন্টার, দুর্গাপুর

নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই–মেল: cs8222@pnb.co.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ১৭.১০.২০২৪, দুপুর ২টো পর্যন্ত

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ

[সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	ব্রাঞ্চের নাম/ ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) নির্দিষ্ট তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য	ই–নিলামের তারিখ ও সময়
১	ব্রাঞ্চ অফিস: এস বি গড়াই রোড আসানসোল ব্রাঞ্চ অ্যাকাউন্ট: শ্রী কৃষ্ণ অ্যাসোসিয়েটস ঋণগ্রহীতা: শ্রী কৃষ্ণ মার্বেলস ১২০(৬৯/১০), এস বি গড়াই রোড, পেট্রল পাম্পের কাছে, আসানসোল–৭১৩৩০৪ জামিনদার: অচিন্ত্য দাঁ, কৃষ্ণা দাঁ, সুশান্ত দাঁ ঠিকানা: ওল্ড ভিক্টোরিয়া বিল্ডিং, বুদ্ধ ভিলেজ রোড, লিয়ার নার্সিং হোমের পিছনে, আসানসোল–৭১৩৩০১	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– পশ্চিম বর্ধমান, মৌজা– নরসিংহবাঁধ, আসানসোল পুরনিগম, এডিএসআর– আসানসোল, থানা– আসানসোল (সাউথ), জে এল নং ২১, সি এস খতিয়ান নং ৮৪৫, সি এস প্লট নং ৫০৮, আর এস খতিয়ান নং ১৬০৪, জমির পরিমাপ ০.০৯৮ একর বা ৫.৫০ কাঠার সমতুল, ২য় প্লট, এস বি গড়াই রোড, আসানসোল, আসানসোল পুরনিগমের এলাকাধীন, ১৯৮০ সালের দলিল নং ১৪৮৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী সুশান্ত দাঁ। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৩.০৮.২০২১ খ) ২১.১১.২০২২ গ) ₹২৩,৪৩,৭৪০.৫৪ (তেইশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশো চল্লিশ টাকা এবং চুয়ান্ন পয়সা মাত্র)	ক) ₹৬৭.৬২ লক্ষ খ) ₹৬.৭৬ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
২	ব্রাঞ্চ অফিস: এস বি গড়াই রোড আসানসোল ব্রাঞ্চ অ্যাকাউন্ট: শ্রী কৃষ্ণ মার্বেলস ঋণগ্রহীতা: শ্রী কৃষ্ণ মার্বেলস ১২০(৬৯/১০), এস বি গড়াই রোড, পেট্রল পাম্পের কাছে, আসানসোল–৭১৩৩০৪ জামিনদার: জয়ন্ত দাঁ, অচিন্ত্য দাঁ, সুশান্ত দাঁ, সুমন্ত দাঁ ঠিকানা: পিতা– সানন্দা দাঁ, বুদ্ধ ভিলেজ, উপর পাড়া, আসানসোল–৭১৩৩০১	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– পশ্চিম বর্ধমান, মৌজা– নরসিংহবাঁধ, আসানসোল পুরনিগম, এডিএসআর– আসানসোল, থানা– হিরাপুর, জে এল নং ২১, সি এস প্লট নং ১১৩৭, আর এস প্লট নং ২১৫৫, সি এস খতিয়ান নং ২৭, আর এস খতিয়ান নং ৪৮৭০, জমির পরিমাপ ৬ কাঠা, আসানসোল পুরনিগমের এলাকাধীন, ২০০৭ সালের দলিল নং ১০১১ অনুযায়ী সম্পত্তির মালিকানা সানন্দা দাঁ অ্যান্ড কোম্পানি–এর নামে। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৯.১১.২০২২ খ) ২৭.০১.২০২৩ গ) ₹১৮,৬৬,৭৮১.৫৫ (আঠারো লক্ষ ছেষট্টি হাজার সাতশো একাশি টাকা এবং পঞ্চান্ন পয়সা মাত্র)	ক) ₹৬০.৮৬ লক্ষ খ) ₹৬.০৯ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৩	ব্রাঞ্চ অফিস: বার্নপুর ব্রাঞ্চ অ্যাকাউন্ট: সুজাতা এন্টারপ্রাইজ (সুজাতা ঘোষ) ঋণগ্রহীতা: সুজাতা এন্টারপ্রাইজ (প্রোপ্রাইটর: সুজাতা ঘোষ), শান্তিনগর, বিবেকানন্দ পার্ক, বার্নপুর, পশ্চিম বর্ধমান– ৭১৩৩২৫ প্রোপ্রাইটর/ জামিনদার: সুজাতা ঘোষ, স্বামী– মিঃ সুব্রত ঘোষ, সুভাষ পল্লী, মেন রোড, পোঃঅঃ– বার্নপুর, থানা– হিরাপুর, পিন– ৭১৩৩২৫ জামিনদার: মিঃ সুব্রত ঘোষ, সুভাষ পল্লী, মেন রোড, পোঃঅঃ– বার্নপুর, থানা– হিরাপুর, পিন– ৭১৩৩২৫	নিম্নোক্ত জি+১ তলবিশিষ্ট বিল্ডিংয়ের দ্বিতীয় তলের (ফার্স্ট ফ্লোর) অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: পরিমাপ– ৯০৪.৬৮ বর্গফুট (কভার্ড এরিয়া), মৌজা– নরসিংহবাঁধ, জে এল নং ২১, আর এস দাগ নং ৪১৩৩, আর এস খতিয়ান নং ২৭১১, আসানসোল পুরনিগমের ৪১ নং ওয়ার্ডের এলাকাধীন, হোল্ডিং নং ১১৮/৪২৬এ, থানা– হিরাপুর, আসানসোল, জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, ২০১১ সালের বিক্রয় দলিল নং ৭৯৩৮ অনুযায়ী সম্পত্তির যৌথ স্বত্বাধিকারী সুজাতা ঘোষ এবং সুব্রত ঘোষ। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ১৮.০৪.২০২২ খ) ১১.০৮.২০২২ গ) ₹২৩,৩৫,৪৭৬.৮৯ (তেইশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশো ছিয়াত্তর টাকা এবং উননব্বই পয়সা মাত্র)	ক) ₹১৪.৮৫ লক্ষ খ) ₹১.৪৯ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৪	ব্রাঞ্চ অফিস: বিসিইটি ব্রাঞ্চ অ্যাকাউন্ট: এইচ এম ট্রেইলর্স ঋণগ্রহীতা: মেসার্স এইচ এম ট্রেইলর্স প্রোপ্রাইটর: শ্রী মহেন্দ্র সিং বাগ্গা ১০৫৭, পানাগড় বাজার, জি টি রোড, পানাগড়, পশ্চিম বর্ধমান, পিন– ৭১৩১৪৮ শ্রী মহেন্দ্র সিং বাগ্গা ও প্রিয়া বাগ্গা ডি/৬, ফুলঝোর, বিধান পার্ক, সেক্টর–১, দুর্গাপুর এবিএল টাউনশিপ, দুর্গাপুর– ৭১৩২০৬	নিম্নবর্ণিত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বিরুডিহা, জে এল নং ৭৬, এল আর খতিয়ান নং ১৬৪১, এল আর প্লট নং ২৮৬২, পোঃঅঃ– পানাগড়, থানা– কাঁকসা, জেলা– পশ্চিম বর্ধমান, পিন– ৭১৩১৪৮, জমির পরিমাপ ১৩.৫০ ডেসিমেল, ২৭.১১.২০১৮ তারিখের দান দলিল নং I–০২০৬–০৫১৭২ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী শ্রীমতী প্রিয়া বাগ্গা, স্বামী– মহেন্দ্র সিং বাগ্গা। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ২৭.০৬.২০২২ খ) ১৬.০৯.২০২২ গ) ₹৩৫,৩৫,৬৩৭.০২ (পঁয়ত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার ছশো সাঁইত্রিশ টাকা এবং দুই পয়সা মাত্র)	ক) ₹৬৩.১১ লক্ষ খ) ₹৬.৩১ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৫	ব্রাঞ্চ অফিস: নাচন রোড ব্রাঞ্চ অ্যাকাউন্ট: কাজি নিজামউদ্দিন ঋণগ্রহীতা: কাজি নিজামউদ্দিন, পিতা– কাজি আবদুল রশিদ, গ্রাম ও পোঃঅঃ– রসুলপুর, পঞ্চসুয়া, বোলপুর–৭৩১২০৪	নিম্নোক্ত জি+১ তলবিশিষ্ট বিল্ডিংয়ের দ্বিতীয় তলে (ফার্স্ট ফ্লোর) একটি আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ফ্ল্যাট নং ‘বি’, সুপার বিল্ট আপ এরিয়া ৯৬০ বর্গফুট, মৌজা– গোদা, বেলকশ গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জে এল নং ৪১, খতিয়ান নং ১৭৫, আর এস প্লট নং ৫০৫৬, সাব প্লট নং ১৫এ এবং ১৫বি, ২০১৫ সালের বিক্রয় দলিল নং I–৪৫৪৩ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী কাজি নিজামউদ্দিন। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৬.০৬.২০১৬ খ) ২১.০৬.২০১৭ গ) ₹১৭,২৮,১৫৬.০০ (সতেরো লক্ষ আঠাশ হাজার একশো ছাপান্ন টাকা মাত্র)	ক) ₹২০.৮৫ লক্ষ খ) ₹২.০৯ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৬	ব্রাঞ্চ অফিস: বার্নপুর ব্রাঞ্চ অ্যাকাউন্ট: ইন্ডাস্ট্রিয়াল সিস্টেম ঋণগ্রহীতা: মেসার্স ইন্ডাস্ট্রিয়াল সিস্টেম প্রোপ্রাইটর: সিদ্ধার্থ শঙ্কর ব্যানার্জি রামকানন অ্যাপার্টমেন্ট, হিন্দুস্তান পার্ক, স্ট্রিট নং ১, থানা– হিরাপুর, আসানসোল– ৭১৩৩০৪ সিদ্ধার্থ শঙ্কর ব্যানার্জি রামকানন অ্যাপার্টমেন্ট, হিন্দুস্তান পার্ক, স্ট্রিট নং ১, থানা– হিরাপুর, আসানসোল– ৭১৩৩০৪	২৮.০৩.২০১৯ তারিখের দলিল নং I–২৬৬৩ অনুযায়ী সিদ্ধার্থ শঙ্কর ব্যানার্জি–এর স্বত্বাধীনে ‘রামকানন অ্যাপার্টমেন্ট’ নামক নিম্নবর্ণিত বিল্ডিংয়ের চতুর্থ তলে (থার্ড ফ্লোর) সামান্য কমবেশি ১৪৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত আবাসিক ফ্ল্যাট নং ‘৩বি’–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– সান্তা, জে এল নং ২০, হিন্দুস্তান পার্ক, স্ট্রিট নং ১, আর এস খতিয়ান নং ৭৩, এল আর খতিয়ান নং ৬২৫১, ৬২৫২, ৬২৫৩, আর এস প্লট নং ২০৩১, এল আর প্লট নং ১৫৬৯, ওয়ার্ড নং ০১ (পুরনো), ৫৩ (নতুন), হোল্ডিং নং ৩২৭ (১২২/১), আসানসোল পুরনিগমের এলাকাধীন, আসানসোল, পোঃঅঃ– হিরাপুর, পিন–৭১৩৩০৪, তৎসহ প্রায় ১২৩০ বর্গফুট কভার্ড এরিয়ার মধ্যে ৮২০ বর্গফুট কভার্ড এরিয়া এবং উক্ত বিল্ডিংয়ের প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) ১২০ বর্গফুট মাপের একটি চার চাকা গাড়ি রাখার কভার্ড গ্যারাজ। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ৩১.০৩.২০২৩ খ) ০৫.০৬.২০২৩ গ) ₹৬০,৮৮,২৩০.০৪ (ষাট লক্ষ অষ্টাশি হাজার দুশো তিরিশ টাকা এবং চার পয়সা মাত্র)	ক) ₹৩২.২২ লক্ষ খ) ₹৩.২২ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৭	ব্রাঞ্চ অফিস: কোক ওভেন ব্রাঞ্চ অ্যাকাউন্ট: নীলকণ্ঠ হালদার ঋণগ্রহীতা: শ্রী নীলকণ্ঠ হালদার এবং শ্রীমতী শুক্লা হালদার ঠিকানা: গোপালপুর, উত্তরপাড়া, সুকান্ত পল্লী, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩২১২	নিম্নোক্ত আবাসিক জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৬১৩৫/৬৯০৮, খতিয়ান নং ১৭৬৭ ও ৩৭৮৯, এল আর খতিয়ান নং ৩৮৩৩, জে এল নং ৬৫, জমির পরিমাপ– সামান্য কমবেশি ৫ কাঠা, মৌজা– গোপালপুর, পোঃঅঃ– পানাগড়, থানা– কাঁকসা, জেলা– পশ্চিম বর্ধমান, ২০০০ সালের দলিল নং I–২০৩৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী নীলকণ্ঠ হালদার। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৯.০৭.২০২১ খ) ১৯.১০.২০২১ গ) ₹১৭,৮৩,১৬৫.২০ (সতেরো লক্ষ তিরাশি হাজার একশো পঁয়ষট্টি টাকা এবং কুড়ি পয়সা মাত্র)	ক) ₹৩৫.৫০ লক্ষ খ) ₹৩.৫৫ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৮	ব্রাঞ্চ অফিস: পাণ্ডবেশ্বর ব্রাঞ্চ অ্যাকাউন্ট: সুব্রত নিয়োগী ঋণগ্রহীতা: সুব্রত নিয়োগী পিতা– প্রয়াত সঞ্জীব নিয়োগী, রামনগর, গ্রাম ও পোঃঅঃ– পাণ্ডবেশ্বর, পিন–৭১৩৩৪৬ বন্দনা নিয়োগী স্বামী– সুব্রত নিয়োগী, রামনগর, গ্রাম ও পোঃঅঃ– পাণ্ডবেশ্বর, পিন–৭১৩৩৪৬	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বৈদ্যনাথপুর, জে এল নং ৫, খতিয়ান নং ১৪০৭, ৩৬৭ ও ২৬০৯, আর এস এবং এল আর দাগ নং ৬৩০/১৮৭, জমির পরিমাপ– ৩.৫০ কাঠা, এডিএসআর– রানিগঞ্জ, পাণ্ডবেশ্বর, বৈদ্যনাথপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩৪৬, ০৬.০১.২০১৫ তারিখের দলিল নং I–৬৩ অনুযায়ী অনুযায়ী সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী শ্রী সুব্রত নিয়োগি, পিতা– প্রয়াত সঞ্জীব নিয়োগী। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৪.০২.২০২২ খ) ০৬.০৯.২০২৩ গ) ₹১০,২৮,৮৯৬.৫৯ (দশ লক্ষ আঠাশ হাজার আটশো ছিয়ানব্বই টাকা এবং উনষাট পয়সা মাত্র)	ক) ₹৩১.০১ লক্ষ খ) ₹৩.১০ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
৯	ব্রাঞ্চ অফিস: আপকার গার্ডেন ব্রাঞ্চ অ্যাকাউন্ট: সুমন গুহঠাকুরতা ঋণগ্রহীতা: সুমন গুহঠাকুরতা বৈষ্ণববাঁধ, পোঃঅঃ– বার্নপুর, পিন–৭১৩৩২৫ পায়েল কোনার, শুভদীপ কোনার বুদ্ধ গ্রাম, আসানসোল (সাউথ)–৭১৩৩০১	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম– বুদ্ধ, সরস্বতী মন্দির/ কোনারস কেনেলের কাছে, মৌজা– আসানসোল মিউনিসিপ্যালিটি, মৌজা– আসানসোল মিউনিসিপ্যালিটি, আর এস প্লট নং ৪৬৯৮, আর এস খতিয়ান নং ১৬৩৩৬, জে এল নং ২০, ওয়ার্ড নং ৬, আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন, পরিমাপ– ১৪৪০ বর্গফুট, এডিএসআর– আসানসোলে রেজিস্টার্ড ২০১৩ সালের দলিল নং ০৫৮৭৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী মিসেস পায়েল কোনার। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ২৭.১০.২০২১ খ) ১৮.০২.২০২২ গ) ₹১৮,৩০,৪২১.০০ (আঠারো লক্ষ তিরিশ হাজার চারশো একুশ টাকা মাত্র)	ক) ₹২৩.৩০ লক্ষ খ) ₹২.৩৩ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা
১০	ব্রাঞ্চ অফিস: সিটি সেন্টার অ্যাকাউন্ট: স্বামীজি কনস্ট্রাকশন ঋণগ্রহীতা: স্বামীজি কনস্ট্রাকশন প্রোপ্রাইটর: দেবদাস গোস্বামী, পিতা– প্রয়াত সীতারাম গোস্বামী, শঙ্করপুর, বিধান নগর, দুর্গাপুর–৭১৩২১২ দেবদাস গোস্বামী, পিতা– প্রয়াত সীতারাম গোস্বামী, সি–১৮, গীতাঞ্জলি পার্ক, বেঙ্গল অম্বুজা, সিটি সেন্টার, দুর্গাপুর–৭১৩২১৬	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– শঙ্করপুর, আর এস প্লট নং ১৩৬/৪৯৯, ৪৭৯, ৫০০, এল আর প্লট নং ৮৭৮, ৮৯৯, আর এস প্লট নং ২২৫, ৯৭/৪, ৩৩, এল আর খতিয়ান নং ২৮, জে এল নং ৯৫, মৌজা– শঙ্করপুর, থানা– দুর্গাপুর, ২৭.০৭.২০০৫ তারিখের বিক্রয় দলিল নং I–১২২৮ এবং ২৭.০১.২০০৬ তারিখের বিক্রয় দলিল নং I–৫৫৩, ৫৫৪, ৫৫৫ ও ৫৫৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী দেবদাস গোস্বামী। [সম্পত্তিটি গঠনমূলক দখলাধীন]	ক) ০৮.০৯.২০২১ খ) ১৭.১১.২০২১ গ) ₹৮৯,৯৯,৭০৩.১১ (উননব্বই লক্ষ নিরানব্বই হাজার সাতশো তিন টাকা এবং এগারো পয়সা মাত্র)	ক) ₹৭৩.৮৭ লক্ষ খ) ₹৭.৩৯ লক্ষ গ) ₹১০,০০০.০০	১৭.১০.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৫টা

শর্ত ও নিয়মাবলি

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. **এই বিক্রি ১৭.১০.২০২৪ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে https://www.ebkray.in** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহ করে https://www.ebkray.in ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **রাজকিশোর সাহু (এজিএম), মোবাইল: ৭৯৭৮৬৬৪০৫৫**।

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৯(১) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ১৯.০৯.২০২৪
স্থান: দুর্গাপুর

রাজকিশোর সাহু, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,
অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি